[redacted]

[redacted]

[redacted]

[

হেরোইন বিক্রির অভিযাগে পুলিশের দায়ের করা মামলা নং ১২, তারিখ ০৬/০৮/২০২২ এর আসামি আমদহ গ্রামের আব্দুল হান্নানের ছেলে সবুজ হোসেন।নিজস্ব প্রতিবেদক:

মেহেরপুর সদর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) মেজবাহ উদ্দীন আহম্মেদের নেতৃত্বে পুলিশের একাধিক ইউনিট শনিবার সকাল থেকে আজ রবিবার (৭ আগষ্ট) ভোররাত পর্যন্ত সদর উপজেলার বিভিন্ন স্থানে অভিযান চালিয়ে এসব আসামি গ্রেফতার করেন।

গ্রেফতারকৃতদের আজ রবিবার (৭ আগষ্ট) দুপুরের দিকে আদালতের মাধ্যমে মেহেরপুর জেল হাজতে প্রেরণ করা হয়েছে।

গাংনী থানা পুলিশের অভিযানে ৩ বছরের সাজাপ্রাপ্ত গ্রেফতার

গাংনী থানা পুলিশ অভিযান চালিয়ে ৩ বছরের সাজাপ্রাপ্ত আসামী বয়েজ
(৪২) কে গ্রেফতার করেছে।

গ্রেফতারকৃত বয়েজ গাংনী উপজেলার করমদী মাঠপাড়া এলাকার আজহারুল ইসলামের ছেলে।জিআর ২৫৬/১০ সালের একটি মামলায় আদালত তাকে তিন বছরের সাজা প্রদান করেন। সে সময় আদালতে অনুপস্থিত থাকায় তার নামে গ্রেফতারী পরোয়ানা জারী করে আদালত।

গাংনী থানার উপপরিদর্শক (এসআই) মাসুদ এ তথ্য নিশ্চিত করেছেন। তিনি বলেন, গ্রেফতারকৃত বয়েজকে মেহেরপুর জেল হাজতে প্রেরণ করা হয়েছে।

মেহেরপুরে পুলিশের অভিযানে ফেনসিডিলসহ টনিক আটক

৪ বোতল ফেনসিডিলসহ টনিক হোসেন নামের এক ব্যক্তিকে আটক করেছে মেহেরপুর সদর থানা পুলিশ।

টনিক মেহেরপুর সদর উপজেলার খোকশা গ্রামের আব্দুস সহিদের ছেলে।

গোপন সংবাদের ভিত্তিত্বে শনিবার (৬ আগষ্ট) দিবাগত মধ্যরাতে টনিকের বাড়িতে সদর থানা পুলিশের একটি ইউনিট অভিযান চালিয়ে ৪ বোতল ফেনসিডিলসহ তাকে আটক করেন।

সদর থানার উপপরিদর্শক (এসআই) সঞ্জীব পালের নেতৃত্বে এএসআই শাকিলসহ সঙ্গীয় ফোর্স এ অভিযান পরিচালনা করেন।

এসআই সঞ্জীব পাল জানান এ ঘটনায় মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইনে থানায় একটি মামলা হয়েছে। আটক টনিককে আজ রবিবার (৭ আগষ্ট) সকালের দিকে আদালতের মাধ্যমে মেহেরপুর জেল হাজতে প্রেরণ করা হয়েছে।

মেহেরপুরে বিভিন্ন মামলার ১৩ আসামি গ্রেফতার

মেহেরপুর পুলিশের গত ২৪ ঘন্টার অভিযানে বিভিন্ন মামলা ১৩ জন আসামি গ্রেফতার হয়েছে।

এদের মধ্যে নিয়মিত মামলার ৪ আসামি, আদালতের পরোয়ানাভূক্ত জিআর মামলার ৩ জন ও সিআর মামলার ৬ জন আসামি রয়েছে।

গাংনী থানা পুলিশের অভিযানে জিআর মামলায় ২ জন, নিয়মিত মামলার ১ জন, সদর থানা পুলিশের অভিযানে আদালতের পরোয়ানাভূক্ত জিআর মামলায় ৪ জন, সিআর মামলায় ১ জন ও নিয়মিত মামলায় ৪ জন এবং মুজিবনগর থানা পুলিশের অভিযানে সিআর মামলার ২ জন গ্রেফতার হয়েছে।

গতকাল শুক্রবার (৫ আগষ্ট) সকাল থেকে আজ শনিবার (৬ আগষ্ট) ভোররাত পর্যন্ত জেলার বিভিন্ন স্থানে অভিযান চালিয়ে এসব আসামি গ্রেফতার করা হয়েছে। এদিকে গত ২ ঘন্টায় মেহেরপুর সদর থানায় ৩ টি ও গাংনী থানায় একটি মামলা এফআইআর করা হয়েছে।

গাংনী থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) আব্দুর রাজ্জাক, সদর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) মেজবাহ উদ্দীন আহম্মেদ ও মুজিবনগর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) মেহেদী রাসেলের নেতৃত্বে পুলিশের পৃথক ইউনিট এই গ্রেফতার অভিযানে অংশ নেন।

গ্রেফতারকৃতদের আজ শানিবার (৬ আগষ্ট) সকালের দিকে আদালতের মাধ্যমে মেহেরপুর জেল হাজতে প্রেরণ করা হয়েছে।

মেহেরপুরে পুলিশের অভিযানে ৮ নারীসহ ১৬ আসামি গ্রেফতার

মেহেরপুর পুলিশের ২৪ ঘন্টার নিয়মিত অভিযানে নিয়মিত মামলা ও আদালতের পরোয়ানাভূক্ত ৮ জন নারীসহ ১৬ আসামি গ্রেফতার হয়েছে।

এদের মধ্যে মেহেরপুর সদর থানা পুলিশ ১২ আসামি, গাংনী থানা পুলিশ ২ ও মুজিবনগর থানা পুলিশ ২ জন আসামি গ্রেফতার করেছে।

বৃহস্পতিবার সকাল থেকে আজ শুক্রবার (৫ আগষ্ট) ভোররাত পর্যন্ত জেলার বিভিন্ন স্থানে পুলিশের পৃথক ইউনিট অভিযান চালিয়ে এসব আসামি গ্রেফতার করেন।

গ্রেফতারকৃরা হলেন, সদর উপজেলা টুঙ্গি গ্রামের আরেজ আলীর ছেলে সাহাবুদ্দীন ঘটক, মামলা নং সিআর ৩৫৫/২২, মেহেরপুর শহরের শেখপাড়া এলাকার মন্টু মীরের ছেলে উজ্জল মীর, মামলা নং সিআর ৫৩/১৮, সদর উপজেলার সিংহাটি শিমুলতলা গ্রামের আব্দুল জলিলের স্ত্রী নছিনা খাতুন, নাজির হোসেনের স্ত্রী আসমা খাতুন, বকুল হোসেনের স্ত্রী সাবিনা খাতুন, আশরাফ আলীর স্ত্রী জাহানার খাতুন। এদের নামে এনজিও জাগরনি চক্র ঋণ খেলাপির অভিযোগে মামলা দায়ের করেছে। মামলা নং

সিআর ৫৫/২২, ঝাউবাড়িয়া গ্রামের আব্দুল হান্নানের স্ত্রী শাহানারা খাতুন, মামলা নং সিআর ৯২/২০, গোভিপুর গ্রামের ইন্তাজ আলীর স্ত্রী চম্পা খাতুন মামলা নং এসসি ৯৩/২২, শহরের নতুনপাড়া এলাকার মৃতু আব্দুল মোমিনের ছেলে আলাউদ্দীন মামলা নং জিআর ১২২/২২, ভূমি অফিসপাড়া এলাকার কুবাত আলীর ছেলে শাহারুল ইসলাম ওরফে মাইকেল ও তার স্ত্রী রেনুকা খাতুন মাদক আইনে নিয়মিত মামলা নং ৪, তারিখ ৪/৮/২০২২ ইং ও রাইপুর দিঘিরপাড়া এলাকার মোকাম আলীর ছেলে মকবুল হোসেন, মামলা নং ৩, তারিখ ৪/৮/২০২২ ইং। গাংনী থানা পুলিশ অভিযান চালিয়ে এ উপজেলার নিশিপুর গ্রামের লালন হোসেনের ছেলে জসিম উদ্দীন, মামলা নং সিআর ৪৪৬/২২ ও গাংনী বাসস্ট্যান্ড পাড়া এলাকার সদর আলীর ছেলে ফজলুল হককে মামলা নং জিআর ১৭৪/১৫কে গ্রেফতার করে। এছাড়া মুজিবনগর থানা পুলিশ অভিযান চালিয়ে নাজিরাকোনা সোনাপুর গ্রামের ইউনুছ আলীর স্ত্রী সখি শুনা, মামলা নং সিআর ১২/২২ ও দারিয়াপুর গ্রামের শাবান আলীর ছেলে রাফিজ মামলা নং সিআর ৪২৩/২২ গ্রেফতার করেন।

মেহেরপুর সদর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) মেজবাহ উদ্দীন আহম্মেদ, গাংনী থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) আব্দুর রাজ্জাক ও মুজিবনগর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) মেহেদী রাসের নেতৃত্বে পুলিশের একাধিক ইউনিট পৃথভাবে অভিযান চালিয়ে এসব আসামি গ্রেফতার করেন।

আজ শুক্রবার (৫ আগষ্ট) দুপুরেরর দিকে গ্রেফতারকৃতদের আদালতের মাধ্যমে মেহেরপুর জেল হাজতে প্রেরণ করা হয়েছে।

গাংনীতে প্রবাস ফেরতের বাড়ির সামনে থেকে দুটি হাতবোমা ও চিরকুট উদ্ধার

গাংনী পৌর এলাকার চৌগাছা গ্রামের প্রবাস ফেরৎ আনিছুরের বাড়ি সংলগ্ন দোকানের সামনে থেকে দুটি হাতবোমা উদ্ধার করেছে গাংনী থানা পুলিশ।

আজ বৃহস্পতিবার (৪ আগষ্ট) সকাল সাড়ে ৮ টার সময় হাতবোমা দুটি উদ্ধার করে পানি ভর্তি বালতিতে করে নিয়ে যান পুলিশ। এসময় হাতবোমার নিচ থেকে একটি চিরকুট উদ্ধার হয়েছে।

চিরকুটে লেখা আছে, ‘এই শোন আনেচ তুই না জেনি, না বুইঝি আমাদের নাম দিচ্ছিস, তোর বংশো নিরবংশো করি দিবো। যদি আমাদের কোনো হ্মতি হয়।পারলে তুই ঠেকিয়ে নিস। আর যদি বাচতে চাষ তাহলে ভালো হয়ে যাহ’ এভাবেই চিরকুট ও লাল কচটেপ মোড়ানো দুটি হাতবোম প্রবাস ফেরৎ আনিছুরের বাড়ির সামনে রেখে গেছে দূর্বৃত্তরা।

গাংনীতে প্রবাস ফেরতের বাড়ির সামনে
থেকে উদ্ধার হওয়া চিরকুট

গাংনী থানা পুলিশের উপপরিদর্শক (এসআই) আব্দুল জলিল হাতবোমা দুটি উদ্ধার করেন।

প্রবাস ফেরৎ আনিছুর জানান, সম্প্রতি আমার ভাই তখলেছুরের তিনটি গরু গোয়াল ঘর থেকে চুরি করে নিয়ে যায় চোরের দল। গরু তিনটি নিয়ে যাওয়ার সময় দুটি গরু পালিয়ে আসে। এর মধ্যে একটি বড় গাভি নিয়ে যায় চোরের দল। এঘটনায় আনিছুর ও তখলেছুর পুলিশকে জানানোর পাশাপাশি বিভিন্নভাবে খোঁজ খবর নিচ্ছেন। আর এতেই হ্মিপ্ত হয়ে বোম ও চিরকুট রেখেছে দূর্বৃত্তরা।

গাংনী পৌরসভার স্থানীয় কাউন্সিলর সামিউল ইসলাম বলেন, একটি বড় বোসের সাথে ছোট আরেকটি বোম লাল কসটেপ মোড়ানো রয়েছে। ভয়ভীতি দেখানোর জন্যই হয়তো এটি করেছে দূর্বৃত্তরা।

গাংনী থানার উপপরিদর্শক (এসআই) আব্দুল জলিল জানান, বাড়ির মালিকের দেয়া সংবাদের ভিত্তিতে লাল কসটেপ মোড়ানো দুটি বোমা প্রবাস ফেরৎ আনিছুরের বাড়ি সংলগ্ন দোকানের দরজার সামনে থেকে উদ্ধার করা হয়েছে। নিরাপত্তার জন্য বোমা উদ্ধার করে পানি ভর্তি বালতিতে ভরে থানায় নেয়া হয়েছে। এখন এঘটনায় জড়িতদের সনাক্তকরণ করতে পুলিশ কাজ করবে।

মেহেরপুরে অবসরে যাওয়া চার পুলিশ বাড়ি ফিরলেন সুসজ্জিত গাড়িতে

চাকুরী জীবনের শেষ দিনে ফুলে ফুলে সুসজ্জিত গাড়িতেই বাড়ি ফিরলেন অবসর উত্তর ছুটি (পিআরএল), উপপরিদর্শক (এসআই) মোঃ দানিয়েল ইসলাম, সহকারী উপপরিদর্শক (এএসআই) মোঃ আব্দুর রাজ্জাক, কনস্টেবল মোঃ ইসমাইল হোসেন এবং কনস্টেবল মোঃ সাফিউল ইসলাম।

আজ মঙ্গলবার (২ আগষ্ট) মেহেরপুর জেলা পুলিশ ছিলো পুলিশের এসব সদস্যদের কর্মস্থলের শেষ দিন।

দীর্ঘ প্রায় ৪০ বছর চাকুরীজীবন সমাপ্ত করে পিআরএল এ গেলেন এসব পুলিশ অফিসার ও সাধারণ কনস্টেবল।

পুলিশ সুপারের আয়োজনে আনুষ্ঠানিকতা শেষে বিদায়ী সহকর্মীদের সুসজ্জিত গাড়িতে করে কর্মস্থল থেকে নিজ নিজ বাড়ি পৌঁছে দেওয়া হয় তাদের।

এসময় উপস্থিত ছিলেন মেহেরপুর পুলিশ সুপার মোঃ রাফিউল আলম, অতিরিক্ত পুলিশ (প্রশাসন)সুপার জামিরুল ইসলাম, অতিরিক্ত পুলিশ সুপার (সার্কেল) অপু সারোয়ার সহ পুলিশের কর্মকর্তা ও কনস্টেবলবৃন্দ উপস্থিত ছিলেন ।

গাংনী থানা পুলিশের অভিযানে ৪

জন গ্রেফতার

গাংনী উপজেলার মহম্মদপুর গ্রামে শাশুড়িকে নির্যাতনকারী প্রবাসীর স্ত্রী সেই বিপাশা কে গ্রেফতার করেছেন গাংনী থানা পুলিশ।

বিপাশার স্বামী মহম্মদপুর গ্রামের প্রবাসী রকিবুল ইসলাম। বিপাশার নামে তার শাশুড়িকে নির্যাতনের অভিযোগ মামলা রয়েছে। মামলা নং সিআর ৪২৮/২২।

এছাড়া গাংনী থানা পুলিশের নিয়মিত অভিযানে আদালতের পরোয়ানাভূক্ত ৩ আসামী গ্রেফতার হয়েছে। গ্রেফতারকৃতদের মধ্যে সিআর মামলায় ৩ জন ও নিয়মিত মামলায় ১ আসামী রয়েছে।

এরা হলেন, গাংনী উপজেলার বালিয়াঘাট গ্রামের ইমারুল ইসলামের স্ত্রী নাজমা খাতুন (২৭) মামলা নং ৪২৩/২১ ও ৪৩৩/২১, মানিকদিয়া গ্রামের আজিজুল হকের ছেলে মোমিনুল ইসলাম, মামলা নং এসটিসি ৮৬/১৭, শিমুলতলা গ্রামের জালাল উদ্দীনের ছেলে হাসানুজ্জামান (৫০), গাংনী থানার মামলা নং ১।

সোমবার দিবাগত রাতের বিভিন্ন সময়ে আজ মঙ্গলবার (২ আগষ্ট) ভোররাত পর্যন্ত উপজেলার পৃথক গ্রামে অভিযান চালিয়ে আদালতের পরোয়ানাভূক্ত এসব আসামী গ্রেফতার করা হয়।

গাংনী থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) আব্দুর রাজ্জাকের নেতৃত্বে এসআই মাসুদ, এসআই আতিক, এসআই নাসির, এসআই জাহিদ, এএসআই মাহাবুব সঙ্গীয় ফোর্স নিয়ে এসব গ্রেফতার অভিযানে অংশ নেন।

গ্রেফতারকৃতদের আজ মঙ্গলবার (২ আগষ্ট) সকালের দিকে আদালতের মাধ্যমে মেহেরপুর জেল হাজতে প্রেরণ করা হয়েছে।

মেহেরপুরে ৮ টি মামলার

আসামীসহ ২ জন আটক, ৬ গ্রাম হেরোইন জব্দ

মেহেরপুর সদর থানা পুলিশের মাদক বিরোধী অভিযানে ৬ গ্রাম হেরোইন ও ৮ টি মামলার আসামীসহ দুই মাদক বিক্রেতা আটক হয়েছে।
এরা হলেন, সাইফুল ইসলাম(৪০) ও কামরুজ্জামান(৩০)।
সোমবার (২৫ জুলাই) দিবাগত রাত ৮ টার দিকে সদর উপজেলার বামন পাড়া এলাকায় অভিযান চালিয়ে এই দুজনকে আটক করে পুলিশ। এসময় তাদের দেহ তল্লাশি চালিয়ে তাদের কাছ থেকে ছয় গ্রাম হেরোইন উদ্ধার করে পুলিশ।
মেহেরপুর সদর থানার এসআই জুম্মান খানের নেতৃত্বে এ এস আই ইব্রাহিম বিশ্বাস ও এএস আই মোহাম্মদ মাহবুব সহ-সঙ্গীয় ফোর্সসহ অভিযান চালান।
আটককৃত সাইফুল ইসলাম সদর উপজেলার বামন পাড়া এলাকার মানারুল ইসলামের ছেলে এবং কামরুজ্জামান মেহেরপুর শহরের হোটেল বাজার এলাকার মৃত আব্দুল মুমিন শেখের ছেলে। দুজনের বিরুদ্ধে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইনে নিয়মিত মামলা দায়ের করা হয়েছে।
আটক সাইফুল ইসলামের নামে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইনে আটটি মামলা রয়েছে।
মঙ্গলবার (২৬ জুলাই) সকালের দিকে আদালতের মাধ্যমে মেহেরপুর জেল হাজতে প্রেরণ করা হবে।